

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৭০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: من تبع جَنَازَة وحلمها ثَلَاثَ مَرَّاتٍ: فَقَدْ قَضىَى مَا عَلَيْهِ مِنْ حَقِّهَا . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

বাংলা

১৬৭০-[২৫] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জানাযার অনুসরণ করেছে এবং জীবনে তিনবার জানাযার লাশ বহন করেছে সে এ ব্যাপারে তার ওপর অর্পিত দায়িত্ব সম্পাদন করেছে। (তিরমিযী; তিনি [তিরমিযী] বলেছেন, হাদীসটি গরীব।)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ১০৪১, ইবনু আবী শায়বাহ্ ১১২৮২, য'ঈফ আল জামি' আস্ সগীর ৫৫১৩। কারণ এর সানাদে আবুল মুহাযযাম ইয়াযীদ ইবনু সুফ্ইয়ান একজন দুর্বল রাবী যেমনটি শু'বাহ্ বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'সে তার হক আদায় করল' বলতে জানাযার হক আদায় করল। তার অর্থনৈতিক কোন ঋণের হক নয়। এমনকি কোন গীবত করে কারো হক নষ্ট করলে সে হকও আদায় হবে না। বরং মু'মিন মু'মিনের প্রতি যে হক ছিল। যেমন- দেখা হলে সালাম করা, অসুস্থ হলে রোগ সেবা করা, মৃত্যু হলে তার জানাযায় অংশগ্রহণ করা; সেই মৃত্যুউত্তর জানাযার হক সে আদায় করল।

এ হাদীসের রাবী আবৃ মিহ্যাম-এর আসল নাম হলো ইয়াযীদ ইবনু সুফ্ইয়ান; শু'বাহ্ তাকে দুর্বল বলেছেন। সে এমন তাকে দু'টো টাকা দিলে সত্তরটি হাদীস শুনাবে। ইমাম বুখারী তাকে দুর্বল জানেন। হাফিয ইবনু হাজার আসকালানী বলেছেনঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেন। ইমাম নাসায়ী বলেনঃ তিনি মাতরূকুল হাদীস। ইবনু মু'ঈনও তাকে য'ঈফ বলেছেন, আরেকবার বলেছেন, তিনি কিছুই না। ইমাম দারাকুত্বনী বলেন, তিনি দুর্বল ও



মাতরূক বা বর্জিত ব্যক্তি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন